

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি তথ্য সার্ভিস এর আঞ্চলিক কার্যালয় রংপুর

পেপার ক্লিপিং

শিরোনাম: উত্তরাঞ্চলে আমন মৌসুমে ব্রি ধান ১০৩ জাতের  
পত্রিকার নাম: দৈনিক যুগের আলো বার্ষিক ফলন  
প্রকাশের তারিখ: ২২/১১/২০২৩

দৈনিক আমরা মানবতার পক্ষে

যুগের আলো

রংপুরঃ বুধবার ০৭ অগ্রহায়ণ ১৪৩০ : ২২ নভেম্বর ২০২৩



উত্তরাঞ্চলে আমন মৌসুমে ব্রি ধান ১০৩ জাতের বাম্পার ফলন

-যুগের আলো

## উত্তরাঞ্চলে আমন মৌসুমে ব্রি ধান ১০৩ জাতের বাম্পার ফলন

● স্টাফ রিপোর্টার

বাংলাদেশে পরিবর্তিত জলবায়ুর প্রভাব মোকাবেলা করে ধানের ফলন বৃদ্ধির মাধ্যমে দেশে ধানের চাহিদা মেটানো একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া কৃষি জমির পরিমাণ, জমির উর্বরতা, ভূগর্ভস্থ পানিসহ প্রাকৃতিক সম্পদ এবং কৃষি শ্রমিক ক্রমাঙ্কনে হ্রাস পাচ্ছে। ধান উৎপাদনে সীমিত সম্পদ ব্যবহার করে উচ্চ ফলনশীল আধুনিক জাত ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন এবং সম্প্রসারণের মাধ্যমে ফলন বাড়ানো তথা খাদ্য নিরাপত্তার পাশাপাশি পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ করা কৃষি সংশ্লিষ্ট বিভাগগুলোর অন্যতম লক্ষ্য। এ প্রেক্ষিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুরের সার্বিক সহযোগিতায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), আঞ্চলিক কার্যালয় রংপুর বুধবার ব্রি ধান ১০৩ ধানের জাতের ফসল কর্তন উৎসবের আয়োজন করে। উক্ত ফসল কর্তন উৎসবে কৃষক ও কৃষির সাথে সম্পর্কিত প্রায় ১০০ জন অংশগ্রহণকারী ছিলেন। ২০২২ সালে উদ্ভাবিত ব্রি ধান ১০৩

জাতটিতে আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এ জাতের কাভ শক্ত, সহজে হেলে পড়ে না এবং ধান পাকার পরও গাছ সবুজ থাকে। এ জাতের ধানের গাছের গড় উচ্চতা ১২৫ সেন্টিমিটার, চিকন ও সাদা। জাতটির ফসল কর্তন করে ১৪ শতাংশ আদ্রতায় বিঘা (৩৩ শতাংশ) প্রতি ২২ মণ ফলন পাওয়া যায়। ফসল কর্তন অনুষ্ঠানের উদ্বোধন করেন রংপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আফতাব হোসেন। এছাড়া বিশেষ অতিথি ছিলেন উপ-পরিচালক কৃষিবিদ মোঃ ওবায়দুর রহমান মন্ডল, কৃষিবিদ মোঃ আতিকুর রহমান, ড. মোঃ আল-আমিন হোসেন তালুকদার, কৃষিবিদ মোহাঃ হোমায়রা মন্ডল, মোঃ মাসুদ সুলতান, ড. মোহাম্মদ আলী, আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব ব্রি আঞ্চলিক কার্যালয় রংপুরের প্রধান ও প্রিন্সিপাল সাইন্থিফিক অফিসার ড. মোঃ রকিবুল হাসান। □